

হাই স্কুল ভর্তি সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য - SHSAT -এ রেজিস্ট্রেশন এবং পরীক্ষা গ্রহণ

প্রিয় পরিবারবর্গ,

স্কুলে ফিরে আসায় স্বাগতম! নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী অষ্টম (8) গ্রেডের এবং প্রথমবারের মত নবম (9) গ্রেডের বর্তমান শিক্ষার্থীরা হাই স্কুলে আবেদন করতে পারে এবং 2021-2022 শিক্ষা বছরে স্পেশালাইজড হাই স্কুলসমূহে আবেদন করার জন্য পরীক্ষা এবং/অথবা অডিশন করতে পারে। মধ্য-অক্টোবরের মাঝামাঝি, আপনার মাইস্কুলস অ্যাকাউন্ট কীভাবে দেখতে পাবেন এবং অংশগ্রহণ করতে পারবেন সেবিষয়ে বিস্তারিত সহ আপনি আপনার সন্তানের স্বাগত চিঠি পাবেন।

SHSAT সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য

আজ, যেসব শিক্ষার্থী আটটি [স্পেশালাইজড হাই স্কুলের](#) যেকোনো/সবগুলোতে আবেদন করতে আগ্রহী তাদের জন্য আমাদের কিছু সর্বসাম্প্রতিক তথ্য রয়েছে। আপনি স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এ রেজিস্টার এবং এরপর পরীক্ষাটি গ্রহণের মাধ্যমে এই স্কুলগুলোতে আবেদন করতে পারেন; প্রতিটি শিক্ষার্থীর SHSAT স্কোর, স্কুলে তার কার্যসম্পাদনা, এবং আসন লভ্যতার উপর ভিত্তি করে অফারসমূহ প্রদান করা হয়। এখানে রয়েছে কখন, কী করতে হবে:

- **প্রস্তুতি নিন।** পরীক্ষা সংক্রান্ত তথ্য, নমুনা পরীক্ষা, এবং পরীক্ষায় প্রতিবন্ধিতাযুক্তদের বিশেষ ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত [আমাদের ওয়েবসাইটে](#) আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।
- **রেজিস্টার করুন।** রেজিস্ট্রেশন 2021-এর মধ্য অক্টোবর শুরু হবে। রেজিস্ট্রেশনের সুনির্দিষ্ট তারিখসমূহ শীঘ্রই আসছে!
- **পরীক্ষা।** রেজিস্টারকৃত সকল শিক্ষার্থীরা 2021-এর ডিসেম্বরে SHSAT-এ অংশ নেবে। যখন সুনির্দিষ্ট পরীক্ষার তারিখ এবং অন্যান্য তথ্য লভ্য হবে, তখন আমরা আপনাকে সর্বসাম্প্রতিক তথ্য পাঠাবো।

নজর রাখুন! আরও সর্বসাম্প্রতিক তথ্য শীঘ্রই আসছে, এতে রয়েছে...

- কখন আপনার হাই স্কুলের আবেদনপত্র জমা দেবেন - যা সিটির 700+ প্রোগ্রামের বেশীরভাগ অপশনগুলোতে আবেদন করার উপায়।
- NYC-এর অডিশন স্পেশালাইজড হাই স্কুল ফিওরেলো এইচ. লাগোয়ার্ডিয়া হাই স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট অ্যান্ড পারফরমিং আর্টস - যা একটি ভিন্ন ভর্তি প্রক্রিয়া ব্যবহার করে - সেটার প্রোগ্রামগুলোতে কখন ও কীভাবে রেজিস্টার করতে হবে।
- লাগোয়ার্ডিয়া সহ, সিটি জুড়ে হাই স্কুলগুলোর আর্টস প্রোগ্রামগুলোতে কীভাবে অডিশন করতে হবে?

এখন কী করতে হবে

- সর্বসাম্প্রতিক তথ্য পেতে এবং হাই স্কুল অ্যাডমিশন বা ভর্তিতে কীভাবে অংশগ্রহণ করতে হবে সেবিষয়ে ভিডিও সিরিজ দেখতে, [schools.nyc.gov/High](#) এবং [schools.nyc.gov/SHS](#) দেখুন। আরো বিস্তারিত তথ্যের জন্য, বিগত বছরের ডিজিটাল [হাই স্কুল এবং স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন গাইড](#) পড়ুন। অনুগ্রহ করে জেনে রাখুন যে 2022 অ্যাডমিশন বা ভর্তি সংক্রান্ত যেকোনো পরিবর্তনের প্রতিফলন করতে কিছু সংস্থান বা রিসোর্স এবং তথ্য এই হেমপেজে (ফল-এ) হালনাগাদ করা হবে।
- হাই স্কুল প্রোগ্রামের বিকল্প তথ্য অপশনগুলো [MySchools.nyc](#) -এর [হাই স্কুল ডিরেক্টরিতে](#) অনুসন্ধান করা শুরু করুন। অনলাইন ডিরেক্টরিটি ব্যবহার করতে আপনার লগ ইন করা কিংবা একটি অ্যাকাউন্টের প্রয়োজন নেই!

কোনো প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে আলাপ করুন অথবা HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

- যদি এই ইমেইলটি আপনার কোনও বন্ধু প্রেরণ (ফরওয়ার্ড) করে থাকে, তবে [ভর্তি সংক্রান্ত ভবিষ্যৎ আপডেট পেতে সাইন আপ করুন](#)।
- এই বছর হাই স্কুলে আবেদন করছেন না? ভবিষ্যৎ ইমেইল থেকে [আনসাবক্রাইব করতে এখানে ক্লিক করুন](#)।

আপনাকে ধন্যবাদ,

হাই স্কুল অ্যাডমিশন্স টিম

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট